## নেট মিটার সংযোগ

বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় বাংলাদেশের সকল বিদ্যুৎ সুবিধাভোগী গ্রাহকদের জন্য নেট মিটারিং আবেদন, ফিল্ড ভিজিট, সোলার সিস্টেম মূল্যায়ন এবং চুক্তি স্বাক্ষর প্রক্রিয়াগুলি দ্রুত ও সহজতর করতে একটি ইউনিফাইড অনলাইন নেট মিটারিং অ্যাপ্লিকেশন সিস্টেম চালু করেছে।

এই পোর্টালের মাধ্যমে বিপিডিবি, বিআরইবি, ডিপিডিসি, ডেসকো, ওজোপাডিকো ও নেসকো'র যেকোনো গ্রাহক (ব্যক্তি বা প্রতিষ্ঠান) নেট মিটারিংয়ের জন্য অনলাইনে আবেদন সহ চুক্তি স্বাক্ষর পর্যন্ত পুরো প্রক্রিয়া খুব সহজেই সম্পন্ন করতে পারবেন। পাশাপাশি যেকোনো মুহূর্তে ড্যাশবোর্ডে লগইন করে আবেদনটির সর্বশেষ অবস্থাও জানতে পারবেন।


## নেট মিটারের জন্য আবেদন

**প্রয়োজনীয় তথ্য:**

এই পোর্টালের মাধ্যমে আবেদন করার জন্য প্রয়োজন হবে:

- গুগল ক্রোম, মোজিলা ফায়ারফক্স, ইত্যাদি ওয়েব ব্রাউজার।
- ইন্টারনেট সংযোগ।
- গ্রাহক হিসাব নম্বর (সক্রিয় বিদ্যুৎ সংযোগ)।
- একটি মোবাইল ফোন নম্বর।
- একটি ই-মেইল আইডি।
- আবেদনকারীর স্ক্যানকৃত স্বাক্ষর।

১. প্রথমেই ইন্টারনেট সংযোগ আছে এমন একটি ডিভাইস (ডেস্কটপ কম্পিউটার, ল্যাপটপ, ট্যাব ইত্যাদি) ব্যবহার করে বিদ্যুৎ বিভাগ এর (https://powerdivision.gov.bd/) ওয়েব সাইট এ গিয়ে "**নেট মিটার সংযোগ**" লিংক এ ক্লিক করুন, তারপর আপনি নিম্নলিখিত ‘Net Metering (NEM) Application System’ এর হোম পেইজটি দেখতে পাবেন।



NET METERING (NEM) APPLICATION SYSTEM
Home
NEM Calculator
FAQ
Support
Login
Apply Online
YOU WIN OR YOU WIN
With Net Metering, you benefit from producing your own energy and also gain from selling it. It is a win-win situation for all involved.
Apply Online
Learn More
POWER DISTRIBUTION COMPANIES
DESCO
WZPDCL
NESCO
WHY IS THIS SERVICE HELPFUL?
This state-of-the-art portal will bring the Net Metering service to your doorstep with accessibility and smart features.
SAVES TIME
Significantly reduces the time and effort required for utility consumers, it is now possible to obtain permission for net metering from your home or office
ONLINE PAYMENT
A hassle-free way to pay inspection and miscellaneous bills online anytime, from anywhere
COST-EFFECTIVE
Eliminates the need to repeatedly travel to utility offices, saves both time and transportation costs
EASY TRACKING
Effortless application tracking from submission to completion without office visits or inquiries via phone or email


চিত্র: হোম পেইজ

২. নেট মিটারের আবেদন করার জন্য প্রথমেই হোম পেইজের **Apply Online** বাটন-এ ক্লিক করুন। একটি আবেদনের পেইজ প্রদর্শিত হবে। শুরুতেই Installation Model (CAPEX or OPEX) নির্বাচন করুন।

OPEX এর ক্ষেত্রে ওপেক্স ইনভেস্টরের নিম্নোক্ত তথ্যগুলো প্রদান করুন:


- 'Name of the Organization/Company' ফিল্ডে ওপেক্স ইনভেস্টর প্রতিষ্ঠানের নাম লিখুন।
- 'Registration No.' ফিল্ডে ওপেক্স ইনভেস্টর প্রতিষ্ঠানের রেজিস্ট্রেশন নম্বর লিখুন।
- 'Trade License No.' ফিল্ডে ওপেক্স ইনভেস্টর প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স নম্বর লিখুন।
- 'Address' ফিল্ডে ওপেক্স ইনভেস্টর প্রতিষ্ঠানের ঠিকানা লিখুন।

আবেদন পেইজটি মূলত তিনটি অংশে বিভক্ত। **প্রথম অংশে আবেদনকারীর তথ্য, দ্বিতীয় অংশে প্রকল্পের তথ্য ও তৃতীয় অংশে আবেদনকারীর ঘোষণা** সংক্রান্ত তথ্য প্রদান করতে হবে।

## ২.১ আবেদনকারীর তথ্য:

২.১.১: আবেদনকারীর সংযোগ সম্পর্কিত তথ্যের অংশে নিম্নের তথ্যগুলো প্রদান করুন:

- 'Name of Utility' ফিল্ডের ড্রপডাউন থেকে আপনার **বিদ্যুৎ সংযোগ প্রদানকারী প্রতিষ্ঠানের নাম** নির্বাচন করুন।
- 'Consumer Account Number' ফিল্ডে **গ্রাহক হিসাব নম্বর** লিখে কি-বোর্ড থেকে 'Enter' অথবা 'Tab' প্রেস করুন। তাহলে গ্রাহকের বিদ্যুৎ সংযোগ সংশ্লিষ্ট যাবতীয় তথ্য যেমন গ্রাহকের নাম, সংযুক্ত মিটার নম্বর, ট্যারিফ, চুক্তিবদ্ধ লোড ও ভোল্টেজ লেভেল এবং পরবর্তী অংশে সংযুক্ত স্থানের ঠিকানা প্রদর্শিত হবে।
- 'Applicant Mobile' ফিল্ডে আপনার যে মোবাইল নম্বরে নেট মিটার সংক্রান্ত যাবতীয় এস এম এস (SMS) পেতে চান সেই মোবাইল নম্বরটি লিখুন।
- 'Applicant Email' ফিল্ডে আপনার যে ই-মেইল ঠিকানায় নেট মিটার সংক্রান্ত যাবতীয় ই-মেইল (E-Mail) পেতে চান সেই ই-মেইল ঠিকানাটি লিখুন।


Applicant Information

| | |
|---|---|
| Name of Utility: DESCO | Utility Office: Gulshan S & D Division |
| Consumer Account Number: 00000000 | Consumer Name: ABC |
| Meter Number: 000000 | Tariff: LT-A |
| Contracted Load (kW): 12.00 | Voltage Level: Low Voltage (Three Phase) |
| Applicant Mobile: 01000000000 | Applicant Email: abc@gmail.com |

চিত্র: সংযোগ সম্পর্কিত তথ্য

২.১.২: আবেদনকারীর ব্যক্তিগত অথবা প্রতিষ্ঠান/কোম্পানি সম্পর্কিত তথ্যের অংশে নিম্নের তথ্যগুলো প্রদান করুন:

**আবেদনকারী ব্যক্তি হলে Applicant Type ফিল্ড থেকে Individual অপশনটি সিলেক্ট করুন** এবং পরবর্তী অংশে নিম্নোক্ত তথ্যগুলো প্রদান করুন:

- 'Nationality' ফিল্ডে ড্রপডাউন থেকে জাতীয়তা নির্বাচন করুন। Bangladeshi হলে 'National ID' ফিল্ডে আপনার ১০, ১৩ অথবা ১৭ ডিজিটের জাতীয় পরিচয় পত্র নম্বরটি লিখুন। আর Non-Bangladeshi হলে বৈধ পাসপোর্ট নম্বরটি লিখুন।
- 'District' ফিল্ডে আপনি যে জেলায় অবস্থান করছেন সেই জেলার নাম নির্বাচন করুন।
- 'Post Code' ফিল্ডে পোস্ট কোডটি লিখুন (অপশনাল)।
- 'Contact Address' ফিল্ডে যোগাযোগের বিস্তারিত ঠিকানাটি লিখুন।

বিকল্প যোগাযোগের ক্ষেত্রে নিম্নোক্ত তথ্যগুলো প্রদান করুন:


- 'Name' ফিল্ডে বিকল্প যোগাযোগ ব্যক্তির নাম লিখুন।
- 'Relationship' ফিল্ডে বিকল্প যোগাযোগ ব্যক্তির সাথে আবেদনকারীর সম্পর্ক লিখুন।
- 'Nationality' ফিল্ডে ড্রপডাউন থেকে জাতীয়তা নির্বাচন করুন। Bangladeshi হলে 'National ID' ফিল্ডে বিকল্প যোগাযোগ ব্যক্তির ১০, ১৩ অথবা ১৭ ডিজিটের জাতীয় পরিচয় পত্র নম্বরটি লিখুন। আর Non-Bangladeshi হলে বৈধ পাসপোর্ট নম্বরটি লিখুন।
- 'Contact Number' ফিল্ডে বিকল্প যোগাযোগ ব্যক্তির মোবাইল নম্বরটি লিখুন।
- 'Email' ফিল্ডে বিকল্প যোগাযোগ ব্যক্তির ই-মেইল ঠিকানাটি লিখুন।
- 'Contact Address' ফিল্ডে বিকল্প যোগাযোগ ব্যক্তির বিস্তারিত ঠিকানাটি লিখুন।

**আবেদনকারী প্রতিষ্ঠান/কোম্পানি হলে Applicant Type ফিল্ড থেকে Non-Individual অপশনটি সিলেক্ট করুন** এবং পরবর্তী অংশে নিম্নোক্ত তথ্যগুলো প্রদান করুন:

- 'Name of the Organization/Company' ফিল্ডে প্রতিষ্ঠান/কোম্পানি'র নাম লিখুন।
- 'Registration No.' ফিল্ডে প্রতিষ্ঠান/কোম্পানি'র রেজিস্ট্রেশন নম্বর লিখুন।
- 'Trade License No.' ফিল্ডে প্রতিষ্ঠান/কোম্পানি'র ট্রেড লাইসেন্স নম্বর লিখুন।
- 'Address' ফিল্ডে প্রতিষ্ঠান/কোম্পানি'র ঠিকানা লিখুন।

প্রতিষ্ঠান/কোম্পানি'র সাথে যোগাযোগের ক্ষেত্রে নিম্নোক্ত তথ্যগুলো প্রদান করুন:

- 'Name' ফিল্ডে ব্যক্তির নাম লিখুন।
- 'Position' ফিল্ডে প্রতিষ্ঠান/কোম্পানিতে তার পদবি লিখুন।
- 'Contact Address' ফিল্ডে ব্যক্তির বিস্তারিত ঠিকানাটি লিখুন।
- 'Nationality' ফিল্ডে ড্রপডাউন থেকে জাতীয়তা নির্বাচন করুন। Bangladeshi হলে 'National ID' ফিল্ডে ব্যক্তির ১০, ১৩ অথবা ১৭ ডিজিটের জাতীয় পরিচয় পত্র নম্বরটি লিখুন। আর Non-Bangladeshi হলে বৈধ পাসপোর্ট নম্বরটি লিখুন।
- 'Contact Number' ফিল্ডে ব্যক্তির মোবাইল নম্বরটি লিখুন।
- 'Email' ফিল্ডে ব্যক্তির ই-মেইল ঠিকানাটি লিখুন।
- 'District' ফিল্ডে ব্যক্তি যে জেলায় অবস্থান করছেন সেই জেলার নাম নির্বাচন করুন।
- 'Post Code' ফিল্ডে পোস্ট কোডটি লিখুন (অপশনাল)।


Applicant Type
Individual Non-Individual

Personal Information

Nationality: Bangladeshi
National ID: 0100000000
District: Dhaka
Post Code: 0000
Contact Address: House#00, Road#00, Block#00, Gulshan-1, Dhaka.

Alternate Contact Person Information

Name: ABC
Relationship: Brother
Nationality: Bangladeshi
National ID: 0100000000
Contact Number: 01000000000
Email: abc@gmail.com
Contact Address: House#00, Road#00, Block#00, Gulshan-1, Dhaka.

চিত্র: ব্যক্তি অথবা প্রতিষ্ঠান/কোম্পানি সম্পর্কিত তথ্য

**২.২ প্রকল্পের তথ্য:**

২.২.১: বিদ্যুৎ সংযোগ স্থল সম্পর্কিত তথ্যের অংশে নিম্নের তথ্যগুলো প্রদান করুন:

- ‘Site Address’ ফিল্ডে সংযোগ স্থলের ঠিকানা গ্রাহক হিসাব নম্বরের ভিত্তিতে স্বয়ংক্রিয়ভাবে প্রদর্শিত হবে।
- ‘District’ ফিল্ডে ড্রপডাউন থেকে সংযোগ স্থলের জেলার নাম নির্বাচন করুন।
- ‘Post Code’ ফিল্ডে পোস্ট কোডটি লিখুন (অপশনাল)।
- ‘Site Ownership’ ফিল্ডে ড্রপডাউন থেকে সঠিক তথ্যটি নির্বাচন করুন।

২.২.২: সোলার প্যানেল সংযোগ সম্পর্কিত তথ্যের অংশে নিম্নের তথ্যগুলো প্রদান করুন:

- ‘Proposed Renewable Energy System Capacity (KW)’ ফিল্ডে প্রস্তাবিত Renewable Energy System এর ক্ষমতা কিলো ওয়াটে লিখুন।
- ‘Remarks’ ফিল্ডে Renewable Energy System সম্পর্কিত অতিরিক্ত তথ্য থাকলে লিখুন (অপশনাল)।

২.২.৩: সোলার সংযোগ স্থাপনা সম্পর্কিত তথ্যের অংশে নিম্নের তথ্যগুলো প্রদান করুন:

- ‘Voltage Level at the Connection Point’ ফিল্ডে ড্রপডাউন থেকে সঠিক ভোল্টেজ লেভেলের মান নির্বাচন করুন।
- ‘Voltage at Point of Common Coupling (RE)’ ফিল্ডে সঠিক মানটি লিখুন।

২.২.৪: আবাসিক অথবা বাণিজ্যিক বা শিল্প সংযোগ সম্পর্কিত তথ্যের অংশে নিম্নের তথ্যগুলো প্রদান করুন:


**সংযোগটি আবাসিক হলে 'Commercial or Industrial?' ফিল্ডে No অপশনটি সিলেক্ট করুন।**

প্রজেক্টের অবস্থা সংক্রান্ত নিম্নোক্ত তথ্যগুলো প্রদান করুন:

- 'Project Status' ফিল্ডে ড্রপডাউন থেকে সঠিক মানটি নির্বাচন করুন।
- 'Building Type' সঠিক মানটি নির্বাচন করুন (এক বা একাধিক)।
- 'Installation Type' ফিল্ডে ড্রপডাউন থেকে সঠিক মানটি নির্বাচন করুন।
- 'Storage Battery Used' ফিল্ডে ড্রপডাউন থেকে সঠিক মানটি (Yes/No) নির্বাচন করুন।

Yes এর ক্ষেত্রে ব্যাটারি সংক্রান্ত নিম্নোক্ত তথ্যগুলো প্রদান করুন:

- 'Battery Capacity' ফিল্ডে সঠিক মানটি লিখুন।
- 'Technology' ফিল্ডে সঠিক তথ্যটি লিখুন।
- 'Brand and Model' ফিল্ডে সঠিক তথ্যটি লিখুন।
- 'Country of Origin' ফিল্ডে ড্রপডাউন থেকে প্রস্তুতকারী দেশের নামটি নির্বাচন করুন।
- 'Attachment' ফিল্ডে প্রয়োজনীয় ক্ষেত্রে সংযুক্তি দিন (অপশনাল)।
- 'Remarks' ফিল্ডে অতিরিক্ত তথ্য থাকলে লিখুন (অপশনাল)।




চিত্র: প্রকল্প সম্পর্কিত তথ্য

**সংযোগটি বাণিজ্যিক বা শিল্প হলে 'Commercial or Industrial?' ফিল্ডে Yes অপশনটি সিলেক্ট করুন।**
বাণিজ্যিক বা শিল্প সংক্রান্ত নিম্নোক্ত অন্যান্য তথ্যগুলো প্রদান করুন:

- 'Whole Current <= 100A?' ফিল্ডে ড্রপডাউন থেকে সঠিক মানটি (Yes/No) নির্বাচন করুন।
- Yes এর ক্ষেত্রে 'Fuse Rating' ফিল্ডে সঠিক মানটি লিখুন। No এর ক্ষেত্রে 'LV City Rating' ফিল্ডে সঠিক মানটি লিখুন।
- 'MV City Rating' ফিল্ডে সঠিক মানটি লিখুন।

প্রজেক্টের অবস্থা সংক্রান্ত নিম্নোক্ত তথ্যগুলো প্রদান করুন:

- 'Project Status' ফিল্ডে ড্রপডাউন থেকে সঠিক মানটি নির্বাচন করুন।
- 'Building Type' সঠিক মানটি নির্বাচন করুন (এক বা একাধিক)।
- 'Installation Type' ফিল্ডে ড্রপডাউন থেকে সঠিক মানটি নির্বাচন করুন।
- 'Storage Battery Used' ফিল্ডে ড্রপডাউন থেকে সঠিক মানটি (Yes/No) নির্বাচন করুন।

Yes এর ক্ষেত্রে ব্যাটারি সংক্রান্ত নিম্নোক্ত তথ্যগুলো প্রদান করুন:


- 'Battery Capacity' ফিল্ডে সঠিক মানটি লিখুন।
- 'Technology' ফিল্ডে সঠিক তথ্যটি লিখুন।
- 'Brand and Model' ফিল্ডে সঠিক তথ্যটি লিখুন।
- 'Country of Origin' ফিল্ডে ড্রপডাউন থেকে প্রস্তুতকারী দেশের নামটি নির্বাচন করুন।
- 'Attachment' ফিল্ডে প্রয়োজনীয় ক্ষেত্রে সংযুক্তি দিন (অপশনাল)।
- 'Remarks' ফিল্ডে অতিরিক্ত তথ্য থাকলে লিখুন (অপশনাল)।

### ২.৩ আবেদনকারীর ঘোষণা:

আবেদনের এই অংশে নিম্নলিখিত শর্তাবলী পড়ে 'Agreed with Terms & Conditions?' চেক বক্স-এ টিক দিতে হবে।


তাহলেই আবেদন জমা দেয়ার জন্য 

বাটনটি প্রদর্শিত হবে।




চিত্র: আবেদনকারীর ঘোষণার তথ্য

সবশেষে, 'Applicant Signature' ফিল্ডে আবেদনকারীর স্বাক্ষর সংযুক্ত করতে হবে এবং 'Attachment' ফিল্ডে প্রয়োজনীয় ক্ষেত্রে সংযুক্তি দিয়ে প্রদর্শিত ক্যাপচাটি 'Please enter the display captcha' ফিল্ডে লিখতে হবে।




চিত্র: ক্যাপচা

এখন আবেদনটির তথ্য সংরক্ষন ও জমা দেয়ার জন্য প্রস্তত। আবেদনটির তথ্য সংরক্ষণ করে পরবর্তীতে জমা দিতে চাইলে **Save as Draft** বাটনে ক্লিক করতে হবে। অথবা সরাসরি জমা দিতে চাইলে **Submit** বাটনে ক্লিক করতে হবে। তাহলে আবেদনটি নিদৃষ্ট বিদ্যুৎ অফিসে জমা হয়ে যাবে।

---------------------------------------------- সমাপ্ত ----------------------------------------------